

🔳 জানাত-জাহানাম

বিভাগ/অধ্যায়ঃ জান্নাতের অধিকাংশ অধিবাসী কারা? রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

জান্নাতের অধিকাংশ অধিবাসী কারা?

জান্নাতের অধিকাংশ অধিবাসী হবে দরিদ্র ও দুর্বল শ্রেণীর মানুষ। মানুষের কাছে দুর্বল। মানুষ যাকে তার বিয়ের কারণে ছোট ভাববে, গরীবির কারণে ক্ষুদ্র ভাববে, তার ভদ্রতাকে দুর্বলতা মনে করবে, তার উপর অত্যাচার করবে।

নবী (ﷺ) বলেছেন, "আমি বেহেশ্রের মধ্যে তাকিয়ে দেখলাম, তার অধিকাংশ অধিবাসীই গরীবদের দল। আর দোযখের দিকে তাকিয়ে দেখলাম, তার অধিকাংশ অধিবাসীই মহিলা।" (বুখারী ও মুসলিম)

"আমি তোমাদেরকে জান্নাতীদের সম্পর্কে অবহিত করব না কি? (তারা হল) প্রত্যেক দুর্বল ব্যক্তি এবং এমন ব্যক্তি যাকে দুর্বল মনে করা হয়। সে যদি আল্লাহর নামে কসম খায়, তাহলে তা তিনি নিশ্চয়ই পুরা করে দেন। আমি তোমাদেরকে জাহান্নামীদের সম্পর্কে অবহিত করব না কি? (তারা হল) প্রত্যেক রূঢ় স্বভাব, কঠিন হৃদয় দাম্ভিক ব্যক্তি।" (বুখারী, মুসলিম)

"একদা জান্নাত ও জাহান্নামের বিবাদ হল। জাহান্নাম বলল, আমার মধ্যে উদ্ধৃত ও অহংকারী লোকেরা থাকবে। আর জান্নাত বলল, দুর্বল ও দরিদ্র ব্যক্তিরা আমার ভিতরে বসবাস করবে। অতঃপর আল্লাহ তাআলা তাদের মধ্যে ফায়সালা করলেন যে, তুমি জান্নাত আমার রহমত, তোমার দ্বারা আমি যার প্রতি ইচ্ছা অনুগ্রহ করব। এবং তুমি জাহান্নাম আমার শাস্তি, তোমার দ্বারা আমি যাকে ইচ্ছা শাস্তি দেব। আর তোমাদের উভয়কেই পরিপূর্ণ করা আমার দায়িত্ব।" (মুসলিম)

''জান্নাতে এমন লোক প্রবেশ করবে যাদের অন্তর হবে পাখীর অন্তরের মত।'' (মুসলিম)

Source — https://www.hadithbd.com/books/link/?id=12185

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন